

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৩, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
অবা-৩ শাখা  
আদেশ

তারিখ, ৮ চৈত্র ১৪১২/২২ মার্চ ২০০৬

এস, আর, ও নং ৫১-আইন/২০০৬।—যেহেতু The Essential Commodities Act, 1957 (Act No. III of 1957), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর Schedule এর অনুচ্ছেদ (iii) এ বর্ণিত Petroleum and Petroleum products একটি অত্যাাবশ্যকীয় পণ্য বা Essential Commodity; এবং

যেহেতু সরকার এই মর্মে মতপোষণ করে যে, উক্ত Act এর Section 3(1) বিধান অনুসারে উক্ত অত্যাাবশ্যকীয় পণ্য দেশের বিভিন্ন স্থানে সমতাভিত্তিক বিতরণ এবং ন্যায্যমূল্যে প্রাপ্তি নিশ্চিতসহ উহার উৎপাদন, চলাচল, পরিবহণ এবং বিক্রয়ের উপর নিয়ন্ত্রণ আরোপ করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু উক্ত Act এর Section 4A তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার দেশের সকল জেলা প্রশাসককে উক্ত Act এর Section 3 এর অধীন উহার যে কোন বা সকল ক্ষমতা প্রয়োগের জন্য এতদ্বারা ক্ষমতা অর্পণ করিল।

২। ইহা ১৭ ফাল্গুন, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ১ মার্চ, ২০০৬ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩। এই আদেশ কার্যকর হওয়ার তারিখ হইতে পরবর্তী ৬(ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ আবদুস সামাদ  
উপ-সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(১২২৫)

মূল্য : টাকা ২.০০